## উদ্ভাবনী আইডিয়ার ডকুমেন্টেশন

**উদ্ভাবনের নামঃ** হোটেলের বাইরে অতিথিদের জন্যে ক্যাটারিং সার্ভিস ব্যবস্থার উন্নতিকরণ

**উদ্ভাবনী উদ্যোগের বিষয়বস্তুঃ** প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলের ঐতিহ্য ও সুনাম বজায় রেখে হোটেলের বাইরেও পাঁচ তারকা মানের ক্যাটারিং সার্ভিস দেবার লক্ষ্য নিয়ে অতিথিদের আরও কাছে সেবা পৌঁছে দেবার একটি প্রচেষ্টা।

**উদ্যোগ চালুর তারিখঃ** ২৮-০৬-২০২০

**উদ্যোগ বাস্তবায়ন স্থলঃ** প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল

**কর্মক্ষেত্রে সাধিত উন্নয়নসমূহঃ**

**১.** হোটেলের প্রস্তুতকৃত খাদ্যের সুরক্ষা এবং স্বাস্থ্যকর মান বজায় রাখা যাবে
**২.** অতিথির কাছে হোটেলের পণ্য ও সেবার মান বাড়িয়ে তুলবে
**৩.** এতে করে ব্যবসায়ের নতুন ক্ষেত্রগুলি যেমন-খেলাধুলার ইভেন্ট, মেলা ও প্রদর্শনীর মতো বিষয়গুলি আবিষ্কার করতে আমরা সক্ষম হবো
**৪.** একই সেবার জন্য বাহিরের যানবাহন ভাড়া বাবদ অপারেশনাল ব্যয় কমানো সম্ভব হবে
**৫.** অনির্ভরযোগ্য সরবরাহকারীদের উপর নির্ভরতা হ্রাস করবে

**চিত্রঃ**



# উদ্ভাবনী আইডিয়ার ডকুমেন্টেশন

**উদ্ভাবনের নামঃ** মা ও দুগ্ধপোষ্য শিশুদের জন্যে হোটেলের অভ্যন্তরে ব্রেস্ট ফিডিং এরিয়া নির্ধারণ

**উদ্ভাবনী উদ্যোগের বিষয়বস্তুঃ** প্রতিটি শীর্ষস্থানীয় ব্যবসার ক্ষেত্রে একটি মানসম্মত, সহজ অথচ আধুনিক ব্যবস্থা হল মা ও দুগ্ধপোষ্য শিশুদের জন্যে একটি আলাদা ব্রেস্ট ফিডিং এরিয়া নির্ধারণ এবং এক্ষেত্রে বাংলাদেশ সরকারেরও নির্দেশনা রয়েছে । শিশু-বান্ধব / পরিবার বান্ধব আধুনিক হোটেল হিসেবে প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল এইজন্যে উদ্যোগ গ্রহণ করেছে ।

**উদ্যোগ চালুর তারিখঃ** ২৮-০৬-২০২০

**উদ্যোগ বাস্তবায়ন স্থলঃ** প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল

**কর্মক্ষেত্রে সাধিত উন্নয়নসমূহঃ**

১. এটি বেশিরভাগ শীর্ষস্থানীয় মানের ব্যবসার ক্ষেত্রে (হোটেল এবং রেস্তোঁরা)একটি সহজ অথচ আধুনিক বৈশিষ্ট্য

২. এছাড়াও পরিবারকে নিয়ে হোটেলে আসতে উৎসাহিত করবে , এভাবে হোটেলের আয় বাড়বে

৩. যাদের এই জাতীয় সেবা প্রয়োজন, এ সম্পর্কিত তাদের যে অভিযোগগুলি, তা হ্রাস পাবে

৪. পরিবারগুলিকে মহিলা টয়লেটগুলি বুকের দুধ খাওয়ানোর জায়গা হিসাবে ব্যবহার করা থেকে নিরুৎসাহিত করবে, যা খুব অস্বাস্থ্যকর হতে পারে দুগ্ধপোষ্য শিশুদের জন্যে

৫. শিশু-বান্ধব / পরিবার বান্ধব আধুনিক হোটেল হিসাবে হোটেলের মান উন্নত করবে

**চিত্রঃ**



## উদ্ভাবনী আইডিয়ার ডকুমেন্টেশন

**উদ্ভাবনের নামঃ** অতিথি সেবার মান উন্নয়নে ক্যাটারিং সেলস সার্ভিস এর উপস্থাপন

**উদ্ভাবনী উদ্যোগের বিষয়বস্তুঃ** অতিথি সেবায় অগ্রগণ্য ও বিশ্বস্ত একটি নাম প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল। তার ঐতিহ্যের ধারাবাহিকতায়, ডিজিটাল বাংলাদেশের ওয়ান স্টপ সেবার ধারনায় অতিথিদের হোটেলের ক্যাটারিং পণ্য ও তার ভিন্ন ভিন্ন দিক হাইলাইট করতে এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে ।


**উদ্যোগ চালুর তারিখঃ** ২৮-০৬-২০২০


**উদ্যোগ বাস্তবায়ন স্থলঃ** প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল

**কর্মক্ষেত্রে সাধিত উন্নয়নসমূহঃ**

১. ক্যাটারিং ক্লায়েন্টদের সাথে যোগাযোগ করার এবং সন্তুষ্ট করার জন্য আধুনিক, স্মার্ট উপায়
২. কাগজবিহীন অফিস ধারণা স্থাপন এবং বর্জ্য হ্রাস করতে সহায়তা করবে
৩. ওয়ান স্টপ সেবার ধারনায় অতিথিদের ক্যাটারিং পণ্য ও তার ভিন্ন ভিন্ন দিক হাইলাইট করতে সাহায্য করবে
৪. বাইরের সেলস কলগুলির প্রক্রিয়া উন্নত করবে এবং একটি সেলস পিচের মাধ্যমে সম্ভাব্য ক্লায়েন্টদের আস্থা অর্জনে সাফল্যের হার বৃদ্ধি করতে পারবে বলে আশা করা যায়
৫. সময় বাঁচাবে এবং বিক্রয় ব্যয়(খাবারের স্বাদ গ্রহণ, একাধিক বার যাতায়াত ও পরিবহন ব্যয় ইত্যাদি) হ্রাস করবে

**চিত্রঃ**





## উদ্ভাবনী আইডিয়ার ডকুমেন্টেশন

**উদ্ভাবনের নামঃ** যানজট এড়িয়ে হোটেলের অভ্যন্তরে প্রবেশপথ হিসেবে অতিথিদের জন্যে বিকল্প রাস্তা

**উদ্ভাবনী উদ্যোগের বিষয়বস্তুঃ** অতিথিদের স্বাচ্ছন্দ্য ও দুর্যোগকালীন মুহূর্তে দ্রুততার সাথে অতিথিদের যানবাহন অগ্রাধিকারের ভিত্তিতে হোটেলের অভ্যন্তরে প্রবেশের লক্ষ্যে এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**উদ্যোগ চালুর তারিখঃ** ২৫-০৭-২০১৯

**উদ্যোগ বাস্তবায়ন স্থলঃ** প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল

**কর্মক্ষেত্রে সাধিত উন্নয়নসমূহঃ**

১. অতিথিরা স্বাচ্ছন্দ্যের সাথে হোটেলে প্রবেশ করতে পারবেন
২. দুর্যোগকালীন মুহূর্তে দ্রুততার সাথে যানবাহন হোটেলের অভ্যন্তরে প্রবেশ করতে পারবে
৩. অতিথিরা অগ্রাধিকার ও সম্মানবোধ করবেন
৪. হোটেলে অতিথি আগমন বৃদ্ধি পাবে, সাথে সাথে হোটেলের ব্যবসায়িক অগ্রগতি হবে
৫. অতিথির নিরাপত্তা নিশ্চিত করণে সহায়ক হবে

**চিত্রঃ**






# উদ্ভাবনী আইডিয়ার ডকুমেন্টেশন

**উদ্ভাবনের নামঃ** এসএমএস, ইমেইল ও সামাজিক মাধ্যমগুলি দ্বারা হোটেলের বিভিন্ন অফার সম্পর্কে অতিথিদের অবহিতকরণ

**উদ্ভাবনী উদ্যোগের বিষয়বস্তুঃ** ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ও বর্তমানে সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যাপক প্রসার ও প্রচারণার ক্ষেত্র হিসেবে, অতিথিরা এই ডিজিটাল সেবার মাধ্যমে দ্রুততার সাথে প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলের ঐতিহ্যবাহী সেবা পাবে বিধায় এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**উদ্যোগ চালুর তারিখঃ** ১০-০৩-২০২০

**উদ্যোগ বাস্তবায়ন স্থলঃ** প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল

**কর্মক্ষেত্রে সাধিত উন্নয়নসমূহঃ**

১. ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে অগ্রগন্য ভূমিকা পালন করবে
২. অতিথিরা বর্তমানে সামাজিক যোগাযোগ মাধ্যমে বেশি সময় সক্রিয় থাকেন বিধায় হোটেলের যেকোনো সেবা বিষয়ক প্রচার মাত্র, সে সেবা গ্রহণে আগ্রহী হবে
৩. অতিথিরা এই ডিজিটাল সেবার মাধ্যমে দ্রুততার সাথে সেবা পাবে
৪. বাড়তি প্রচার ব্যয় ছাড়াই অতিথিদের মধ্যে হোটেলের প্রচার ও প্রসার বৃদ্ধি পাবে
৫. হোটেলের বিক্রয় বৃদ্ধি পাবে

**চিত্রঃ**

